

স্কিমের নামঃ

নিম্ন আয়ের পেশাজীবী, কৃষক ও প্রান্তিক/ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য পুনঃঅর্থায়ন স্কিম।

ঋণ প্রাপ্তির যোগ্যতা :

- ❖ নিম্ন আয়ের পেশাজীবী, কৃষক ও প্রান্তিক/ক্ষুদ্র ব্যবসায়ী অর্থাৎ স্থানীয়ভাবে কৃষি এবং বিভিন্ন আয় উৎসারী কর্মকাণ্ডে নিয়োজিত বিভিন্ন শ্রেণী/পেশার স্থানীয় উদ্যোক্তা ও পেশাজীবী ব্যক্তি বা প্রতিষ্ঠান।
- ❖ অতিদরিদ্র, দরিদ্র অথবা কোন অনগ্রসর গোষ্ঠীভুক্ত ব্যক্তি, অসহায়/নির্গৃহীত নারী, কোভিড-১৯ এর প্রভাবে ক্ষতিগ্রস্ত এবং বিদেশ থেকে প্রত্যাগত ব্যক্তিগণ এ ঋণ/বিনিয়োগ প্রাপ্তির ক্ষেত্রে অগ্রাধিকার পাবেন। তবে, মোট ঋণ/বিনিয়োগের কমপক্ষে ২৫% নারীদের মধ্যে বিতরণ করা হবে।

ঋণের খাতঃ

যেকোন আয় উৎসারী কর্মকাণ্ড।

ঋণসীমা :

ব্যাক্ত কর্তৃক সরাসরি নির্বাচিত ক্ষুদ্র উদ্যোক্তার অনুকূলে এককভাবে ঋণ/বিনিয়োগের পরিমাণ হবে সর্বোচ্চ ১৫.০০ (পনের) লক্ষ টাকা এবং

নূনতম ০৫ সদস্যবিশিষ্ট যৌথ প্রকল্পে (গ্রুপ) ঋণ/বিনিয়োগের পরিমাণ হবে সর্বোচ্চ ৬০.০০ (ষাট) লক্ষ টাকা।

ঋণের মেয়াদঃ

ক্ষুদ্র উদ্যোক্তা পর্যায়ে (একক ও গ্রুপভুক্ত উভয় ক্ষেত্রে) ঋণ/বিনিয়োগ মেয়াদ হবে গ্রেস পিরিয়ড ব্যতিরেকে কমপক্ষে ০২ বছর এবং সর্বোচ্চ ০৩ বছর।

সুদ/মুনাফার হার :

বিতরণকৃত ঋণ/বিনিয়োগের বিপরীতে সুদ/মুনাফার হার হবে ক্রমহ্রাসমান স্থিতি পদ্ধতিতে (Reducing Balance Method) বার্ষিক ৭%।

অন্যান্য ফি/খরচ :

স্ট্যাম্প ফি, এসএমএস চার্জ ও সরকারী আবগারী শুল্ক ব্যতীত অন্য কোন চার্জ/ফি প্রযোজ্য নয়।

আদায়ঃ

গ্রেস পিরিয়ড শেষ হওয়ার পর ত্রৈমাসিক ভিত্তিতে আদায়যোগ্য।